

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি : বিভিন্ন অপরাধে ০১ টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- টাকা জরিমানা

যশোর, ১১ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

সময়ঃ ১২ টা থেকে দুপুর ০১ টা পর্যন্ত

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যশোর জেলা কার্যালয় কর্তৃক আজ একটি তদারকিমূলক বাজার অভিযান জেলা সদরের নাজির শংকরপুর এলাকায় পরিচালিত হয়। এসময় নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে বেকারী পথ্য তৈরী, উৎপাদিত কেক ও বিস্কুট তৈরীতে পচা ও ভাঙা ডিম ব্যবহার করা এবং পাউরুটির মোড়কে উৎপাদন ও মেয়াদোভীর্ণের তারিখ ব্যবহার না করার অপরাধে মাছুম বেকারীকে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ধারায় প্রশাসনিক ব্যবস্থায় ১৫,০০০/- (পেনেরো হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি জন্মকৃত পচা ও ভাঙা ডিম ধৰ্মস করা হয়। কারখানায় মানসম্মত পরিবেশে খাদ্য দুব্য উৎপাদন এবং সকল কর্মচারীকে নির্ধারিত পোশাক পরে কাজ করার নির্দেশনা দেয়া হয়। অভিযান পরিচালনাকালে উপস্থিত জনসাধারণের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং সকলকে ভোক্তা-অধিকার বিরোধী কার্যাবলী হতে বিরত থাকার অনুরোধ করা হয়। অভিযানটি পরিচালনা করেন যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ ওয়ালিদ বিন হাবিব, সার্বিক সহযোগিতায় ছিলেন কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), যশোর-এর প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রকিব সরদার এবং নিরাপত্তায় ছিলেন সদর (কোতয়ালী) থানা পুলিশের একটি টিম।

Waliid
11.12.2019

মোঃ ওয়ালিদ বিন হাবিব
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
যশোর জেলা কার্যালয়, যশোর।